



বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য মন্ত্রণালয়

এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

website: www.bfa.gov.bd; e-mail: bfarchivebd@gmail.com



নং -১৫.৫৮.০০০০.১০৬.১৮.৪৯৪.১৪(অংশ -০২)/৬০৫

তারিখ: ০৪/০৮/২০১৯

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল


১৬তম সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল-এর ১৬তম সংখ্যায় প্রকাশের জন্য লেখা আহ্বান করা যাচ্ছে।

জার্নালে লেখার ক্ষেত্রে অনুসৃত পদ্ধতি

- ◆ চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ, চলচ্চিত্র শিক্ষা ও গবেষণা, চলচ্চিত্রের ঐতিহাসিক, নান্দনিক ও কারিগরি দিক; চলচ্চিত্র ও চলচ্চিত্র বিষয়ক গ্রন্থের আলোচনা, বিশ্লেষণ ও সমালোচনা; চলচ্চিত্র নির্মাণের প্রযুক্তি ও বিবর্তন এবং শিশুতোষ চলচ্চিত্র নির্মাণ সংশ্লিষ্ট প্রবন্ধসমূহকে প্রাধান্য দেওয়া হবে। এছাড়াও চলচ্চিত্র বিষয়ক যে কোন প্রবন্ধ জার্নালটিতে স্থান পাবে।
- ◆ বাংলা একাডেমির প্রমিত বানানরীতি অনুসরণ করতে হবে। প্রবন্ধ ৩,০০০ থেকে ৫,০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। প্রবন্ধের সাথে ১০০ থেকে ২০০ শব্দের মধ্যে সারসংক্ষেপ প্রদান করতে হবে। লেখার বিষয়বস্তুর সাথে প্রাসঙ্গিক কমপক্ষে ১০টি ছবি থাকতে হবে।
- ◆ লেখা মৌলিক, গবেষণাধর্মী ও অপ্রকাশিত হতে হবে। এ বিষয়ে লেখককে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- ◆ হাতে লেখা কোন প্রবন্ধ গ্রহণযোগ্য হবে না। লেখা এ-৪ সাইজের সাদা কাগজের এক পৃষ্ঠায় SutonnyMJ (বাংলা লেখার ক্ষেত্রে) ও Times New Roman (ইংরেজী লেখার ক্ষেত্রে) ফন্টে ডাবল স্পেসে কম্পোজ করতে হবে। প্রবন্ধে উল্লেখিত চলচ্চিত্রের নাম ইটালিক হবে ও চলচ্চিত্রের নামের পরে প্রথম বন্ধনী আবদ্ধ মুক্তির সাল উল্লেখ করতে হবে, যেমন- মুখ ও মুখোশ (১৯৫৬)।
- ◆ লেখার সফট কপি ডকুমেন্ট (MS-Word) ও পিডিএফ উভয় ফরমেটে অনলাইনে এবং হার্ড কপি ডাক মারফত বা সরাসরি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে পাঠাতে হবে।
- ◆ পরিশিষ্ট অংশে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল-এর নির্ধারিত নিয়মানুসারে রেফারেন্স/সূত্র/গ্রন্থপঞ্জি ব্যবহার করতে হবে (ওয়েবসাইট দ্রষ্টব্য)।
- ◆ লেখার সঙ্গে লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর থাকতে হবে।

লেখা আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ঠিকানায়/ই-মেইলে পৌছাতে হবে। লেখা অনুমোদিত ও জার্নালে মুদ্রিত হলে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে।


১৮/১২/১৯
বিধান চন্দ্র কর্মকার
মহাপরিচালক
ফোন: ৯১১১৭৭২